

প্রেস বিজ্ঞপ্তি

গত ১৭/০১/২০১২ইং তারিখে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন এর ৪১৬ তম নিয়মিত কমিশন সভায় সাবমেরিন কেবল কোম্পানী লিঃ এর ১০ টাকা মূল্যমানের ৩ কোটি ১০ লক্ষটি সাধারণ শেয়ার (কর্মকর্তা ও কর্মচারীর জন্য রিজার্ভ ১০ লক্ষ শেয়ারসহ) প্রতিটি শেয়ার ২৫ টাকা প্রিমিয়ামসহ ৩৫ টাকায় ইস্যু করার অনুমোদন দেয়া হয়েছে। এর মাধ্যমে কোম্পানীটি ১০৮.৫০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে আইডিবি থেকে গৃহীত ঋন পরিশোধ, আইপিও খরচ নির্বাহ ও চলতি মূলধন (working capital) খাতে ব্যয় করবে। উল্লেখ্য, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ সাবমেরিন কেবল কোম্পানী লিমিটেড এর ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে।

এছাড়াও উক্ত সভায় এনসিসিবিএল মিউচুয়াল ফান্ড-১ এর ১০ টাকা মূল্যমানের ৫ কোটি ইউনিট প্রাথমিক গণপ্রস্তাবের মাধ্যমে পুঁজিবাজারে ছেড়ে ৫০ কোটি টাকা উত্তোলনের অনুমতি প্রদান করা হয়। উল্লেখ্য, এনসিসিবিএল মিউচুয়াল ফান্ড-১ এর আকার ১০০ কোটি টাকা যার মধ্যে ৫০ কোটি টাকা ইতোমধ্যে উদ্যোক্তা ও প্রাক-আইপিওর মাধ্যমে সংগৃহীত হয়েছে। এল, আর, গ্লোবাল বাংলাদেশ এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিঃ, এনসিসিবিএল মিউচুয়াল ফান্ড-১ এর সম্পদ ব্যবস্থাপক হিসেবে নিয়োজিত রয়েছে।



মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র
সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন